অর্থ : বল, আমি পানাই চাই মানুষের রব, মানুষের বাদশাহ, মানুষের প্রকৃত মা'বুদের নিকট, বার বার ফিরে আসা কুমন্ত্রণাদাতার অনিষ্ট হতে, যে লোকদের দিলে কুমন্ত্রণা দেয়, সে জিনদের মধ্য হতে হোক, কি মানুষের মধ্য হতে।

সূরা ফালাক

اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ـ مِنْ شَرِّ مَا خَلَقَ ـ وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ـ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ ـ وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ـ

উচারণ : কুল আউ'যু বিরাব্বিল ফালাক। মিন শাররি মা খালাক। ওয়া মিন শাররি গা-সিকিন ইযা ওয়াকাব। ওয়া মিন শাররিন নাফফাছাতি ফিল উকাদ। ওয়া মিন শাররি হা-সিদিন ইযা হাসাদ।

অর্থ : বল, আমি আশ্রয় চাই সকাল বেলার স্রষ্টা খোদার নিকট, সেই সব প্রত্যেক জিনিসের অনিষ্ট হতে যা তিনি সৃষ্টি করেছেন। আর রাত্রির অন্ধকারের অনিষ্ট হতে যখন তা আচ্ছন্ন হয়ে যায় এবং গিরায় ফুঁক দানকারী (বা ফুঁক দানকারিণী)-র অনিষ্ট হতে এবং হিংসুকের অনিষ্ট হতে যখন সে হিংসা করে।

www.amarboi.org

সূরা ইখলাস

اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۔ اَللّٰهُ الصَّمَدُ ۔ لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ ۔ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۔

উচ্চারণ : কুল হুওয়াল্লা-হু আহাদ। আল্লা-হুস সমাদ। লাম ইয়ালিদ ওয়া লাম ইউ-লাদ। ওয়া লাম ইয়াকুল্লাহু- কুফুওয়ান আহাদ।

অর্থ : বল, তিনি আল্লাহ একক। আল্লাহ সবকিছু হতে নিরপেক্ষ মুখাপেক্ষহীন সবই তাঁর মুখাপেক্ষী, না তাঁর কোন সন্তান আছে, আর না তিনি কারও সন্তান এবং কেউই তাঁর সমতুল্য নয়।

আবদুল্লাহ ইবনে খুবাইব রা. থেকে বর্ণিত, তিনি বলেছেন :

এক ঘুটঘুটে অন্ধকার ও বৃষ্টিমুখর রাতে আমাদের নামায পড়ানোর জন্য আমরা রাসূল সা.-এর খোঁজে বের হলাম। আমি তাঁর সাক্ষাৎ পেলে তিনি বলেন : বল। কিন্তু আমি কিছুই বললাম না। তিনি আবার বলেন : বল। এবার আমি জিজ্ঞেস করলাম, আমি কি বলব? তিনি বলেন : তুমি প্রতিদিন সন্ধ্যায় ও সকালে উপনীত হয়ে তিনবার করে কুল হুওয়াল্লা-হু আহাদ (সূরা ইখলাছ) ও আল-মুআওবিযাতাইন (সূরা ফালাক ও সূরা নাস) পড়বে, তা প্রতিটি ব্যাপারে তোমার জন্য যথেষ্ট হবে। (তিরমিযী, আবু দাউদ)

৬০. হঠাৎ মৃত্যু থেকে পানাহ চেয়ে দু'আ

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ مِنْ فَجْاَةِ الْمَوْتِ ۔

উচ্চারণ : আল্লাহুম্মা ইন্নী আউযু বিকা মিন ফাজআতিল মাওতি।

অর্থ : হে আল্লাহ! আমি তোমার নিকট হঠাৎ মৃত্যু থেকে পানাহ চাই।

www.amarboi.org

৬১. বার্ধক্যজনিত কষ্টের মাধ্যমে মৃত্যু থেকে পানাহ্ চেয়ে দু'আ

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ مِنْ اَرْزَلِ الْعُمُرِ ـ

উচ্চারণ : আল্লাহুম্মা ইন্নী আউযু বিকা মিন আরযালিল উমুরি।

অর্থ : হে আল্লাহ! আমি তোমার নিকট অতি বার্ধক্যজনিত বয়স থেকে পানাহ্ চাই।

৬২. মৃত্যু যন্ত্রণা থেকে মুক্তির দু'আ

اَللّٰهُمَّ اَعِنِّىْ عَلٰى غَمَرَاتِ الْمَوْتِ وَسَكَرَاتِ الْمَوْتِ ـ

উচ্চারণ : আল্লাহুম্মা আইন্নী 'আলা গামারাতিল মাওতি ওয়া সাকারাতিল মাওতি।

অর্থ : হে আল্লাহ, মৃত্যুর ভয়াবহতা ও তার মারাত্মক কষ্টের বিরুদ্ধে আমাকে সাহায্য কর।

৬৩. নতুন কাপড় পরিধান করার সময় দু'আ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ كَسَانِىْ مَا اُوَارِىْ عَوْرَاتِىْ وَاَتَجَمَّلُ بِهٖ فِىْ حَيَاتِىْ ـ

উচ্চারণ : আলহামদু লিল্লা-হিল্লাযী কাসানী মা উওয়ারী আওরাতী ওয়া আতাজাম্মালু বিহী ফী হায়াতী।

অর্থ : সমস্ত প্রশংসা সে আল্লাহর জন্য যিনি আমাকে কাপড় পরিধান করিয়েছেন, যার দ্বারা আমি লজ্জা নিবারণ করি এবং আমার জীবনে শোভা-সৌন্দর্য লাভ করি।

اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ اَنْتَ كَسَوْتَنِيْهِ اَسْئَلُكَ خَيْرَهٗ وَخَيْرَ مَا صُنِعَ لَهٗ وَاَعُوْذُبِكَ مِنْ شَرِّهٖ وَشَرِّ مَا صُنِعَ لَهٗ ـ

www.amarboi.org

উচ্চারণ : আল্লাহুম্মা লাকাল হামদু আনতা কাসাওতানীহি আসআলুকা খাইরাহূ ওয়া খাইরা মা সুনিআ লাহূ ওয়া আউযু বিকা মিন শাররিহী ওয়া শাররি মা সুনিআ লাহূ।

অর্থ : হে আল্লাহ! তোমার জন্যই প্রশংসা। তুমিই এ নতুন কাপড় আমাকে পরিয়েছ। আমি তোমার কাছে এর মধ্যে নিহিত কল্যাণ এবং যার জন্য এটি তৈরি করা হয়েছে সে কল্যাণ কামনা করছি। আর এ কাপড়ের অনিষ্ট থেকে এবং যা এটি তৈরির সাথে সম্পৃক্ত সে অনিষ্ট থেকে তোমার কাছে আশ্রয় চাচ্ছি।

৬৪. শরীর থেকে কাপড় খোলার দু'আ

بِسْمِ اللّٰهِ الَّذِىْ لاَ اِلٰهَ اِلاَّ هُوَ ـ

উচ্চারণ : বিসমিল্লা-হিল্লাযী লা ইলা-হা ইল্লা হুয়া।

অর্থ : আল্লাহর নামে (কাপড় খোলা শুরু করছি) যিনি ছাড়া আর কোন ইলাহ (উপাস্য) নেই।

৬৫. কোন বিপদগ্রস্তকে দেখলে দু'আ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ عَافَانِىْ مِمَّا ابْتَلاَكَ اللّٰهُ بِهٖ وَفَضَّلَنِىْ عَلٰى كَثِيْرٍ مِّمَّنْ خَلَقَ تَفْضِيْلاً ـ

উচ্চারণ : আলহামদু লিল্লা-হিল্লাযী আফানী মিম্মাবতালাকাল্লা-হু বিহী ওয়া ফাদ্দালানী 'আলা কাছীরিম মিম্মান খালাকা তাফদীলান।

অর্থ : সকল প্রশংসা ও কৃতজ্ঞতা আল্লাহর জন্য, যিনি আমাকে সে বিপদ থেকে রক্ষা করেছেন, যাতে তুমি পতিত হয়েছ। আর তাঁর অনেক সৃষ্টির উপর আমাকে মর্যাদা দান করেছেন। (তিরমিযী)

হযরত আবূ হোরাইরা রা. থেকে বর্ণিত, নবী করীম সা. বলেছেন, যে ব্যক্তি কোন বিপদগ্রস্তকে দেখে এ দু'আ পাঠ করবে সে নিশ্চয়ই ঐ বিপদ থেকে নিরাপদ থাকবে।

www.amarboi.org

৬৬. শত্রুর পক্ষ থেকে ভয় অনুভব হলে দু'আ

اَللّٰهُمَّ اِنَّا نَجْعَلُكَ فِىْ نُحُوْرِهِمْ وَنَعُوْذُبِكَ مِنْ شُرُوْرِهِمْ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মা ইন্না নাজআলুকা ফী নুহূরিহিম ওয়া নাউযু বিকা মিন শুরূরিহিম।

অর্থ : হে আল্লাহ! আমরা ঐ শত্রুর মোকাবেলায় তোমাকেই ঢাল হিসেবে পেশ করছি এবং তাদের অনিষ্ট থেকে তোমার আশ্রয় প্রার্থনা করছি। (আবু দাউদ ও নাসাঈ)

৬৭। শত্রুবেষ্টিত স্থানে আটক হয়ে গেলে দু'আ

اَللّٰهُمَّ اسْتُرْ عَوْرَاتِنَا وَاٰمِنْ رَوْعَاتِنَا ـ

উচ্চারণ : আল্লাহুম্মাসতুর আওরাতিনা ওয়া আমিন রাওআতিনা।

অর্থ : হে আল্লাহ! তুমি আমাদের ইজ্জত ও সম্মান রক্ষা কর এবং আমাদেরকে ভয়-ভীতি থেকে নিরাপদ রাখ। (আবু দাউদ, ইবনে মাজাহ)

৬৮। ঝড়-তুফানের সময় দু'আ

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ خَيْرَهَا وَاَعُوْذُبِكَ مِنْ شَرِّهَا ـ

উচ্চারণ : আল্লাহুম্মা ইন্নী আসআলুকা খাইরাহা ওয়া আউযু বিকা মিন শাররিহা।

অর্থ : হে আল্লাহ! আমি তোমার নিকট তার (ঝড় ও বাতাসের) কল্যাণটুকু চাই এবং এর অনিষ্ট হতে তোমার নিকট আশ্রয় চাই। (আবু দাউদ, ইবনে মাজাহ)

৬৯. কোথাও আগুন লাগলে করণীয়

কোথাও আগুন লেগে গেলে তা নেভাতে যথাসাধ্য চেষ্টা করবে এবং মুখে 'আল্লা-হু আকবার' বলতে থাকবে। নবী করীম সা. বলেছেন, যখন আগুন

www.amarboi.org

লাগতে দেখবে তখন (উচ্চৈঃস্বরে) 'আল্লা-হু আকবার' বলবে (কেননা) তাকবীর আগুন নিভিয়ে দেয়।

৭০. তিলাওয়াতে সাজদার দু'আ

سَجَدَ وَجْهِيَ لِلَّذِيْ خَلَقَهُ، وَشَقَّ سَمْعَهُ وَبَصَرَهُ بِحَوْلِهِ وَقُوَّتِهِ، فَتَبَارَكَ اللّٰهُ اَحْسَنُ الْخَالِقِيْنَ.

উচ্চারণ : সাজাদা ওয়াজহিয়া লিল্লাযী খালাক্বাহু ওয়াশাক্বকা সাম্আহু ওয়া বাসারাহু বিহাওলিহী ওয়া কুউওয়াতিহী ফাতাবারাকাল্লা-হু আহসানুল খা-লিক্বীন।

অর্থ : আমার ললাট সেই সত্তাকে সিজদা করছে, তিনি তা পয়দা করেছেন এবং তার মধ্যে কান ও চোখ দিয়েছেন। এসব তাঁরই শক্তি ও সৃষ্টি কৌশল দ্বারা হয়েছে। আল্লাহ তাআলা মহত্ত্ব ও বরকতের উৎস, যিনি সর্বোৎকৃষ্ট স্রষ্টা। (তিরমিযী ২/৪৭৪, আহমাদ ৬/৩০, হাকেম)

৭১. কুরআন তিলাওয়াত শেষে দু'আ

اَللّٰهُمَّ ارْزُقْنِى التَّفَكُّرَ وَالتَّدَبُّرَ بِمَا سَتْلُوْهُ لِسَانِىْ مِنْ كِتَابِكَ وَالْفَهْمَ لَهُ وَالْمَعْرِفَةَ بِمَعَانِيْهِ وَالنَّظْرَ فِىْ عَجَائِبِهِ وَالْعَمَلَ بِذٰلِكَ مَا بَقِيْتُ اِنَّكَ عَلٰى كُلِّ شَيْئٍ قَدِيْرٌ.

অর্থ : হে আল্লাহ! আমার যবান তোমার কিতাবের যে অংশ পাঠ করে, তাতে চিন্তা ও গবেষণা করার তাওফীক দাও। আমাকে তা বোঝার ও হৃদয়ঙ্গম করার শক্তি দাও। তার রহস্যগুলো অবলোকন করার এবং আমার বাকি জীবন তার ওপর আমল করার তাওফীক দাও। নিশ্চয়ই তুমি সকল বস্তুর ওপর ক্ষমতাবান।

হযরত ওমর রা. কুরআন তিলাওয়াতের পর এ দু'আ পাঠ করতেন।

www.amarboi.org

৭২. সহবাসের দু'আ

بِسْمِ اللّٰهِ اَللّٰهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وَجَنِّبِ الشَّيْطَانَ مِمَّا رَزَقْتَنَا ـ

উচ্চারণ : বিস্‌মিল্লা-হি আল্লাহুম্মা জান্নিবনাশ শাইত্বা-না ওয়া জান্নিবিশ শাইত্বানা মিম্মা রযাকতানা।

অর্থ : আল্লাহর নামে শুরু করছি, হে আল্লাহ! তুমি শয়তানের কুমন্ত্রণা থেকে আমাকে বাঁচাও এবং আমাদের যে সন্তান দিবে তাকেও বাঁচাও। (বুখারী)

রাসূলুল্লাহ সা. বলেছেন, যখন তোমাদের কেউ স্ত্রীর সাথে মিলিত হওয়ার পূর্বে এ দু'আ পড়ে, তাহলে এ মিলনের ফলে তাকে যদি সন্তান দেয়া হয় তবে শয়তান সে সন্তানের কোন ক্ষতি করতে পারবে না এবং সে সর্বদা শয়তানি কুমন্ত্রণা থেকে হেফাযতে থাকবে।

৭৩. নতুন চাঁদ দেখলে দু'আ

اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُمَّ اَهِلَّهُ عَلَيْنَا بِالْاَمْنِ وَالْاِيْمَانِ وَالسَّلَامَةِ وَالْاِسْلَامِ وَالتَّوْفِيْقِ لِمَا تُحِبُّ رَبُّنَا وَتَرْضٰى رَبُّنَا وَرَبُّكَ اللّٰهُ ـ

উচ্চারণ : আল্লাহু আকবারু আল্লাহুম্মা আহিল্লাহু আলাইনা বিলআমনি ওয়াল ঈমানি ওয়াসসালামাতি ওয়াল ইসলামি ওয়াততাওফীকি লিমা তুহিব্বু রব্বানা ওয়া তারদ্বা রব্বুনা ওয়া রব্বুকাল্লা-হি।

অর্থ : আল্লাহ সবচেয়ে মহান। হে আল্লাহ! এই নতুন চাঁদকে আমাদের জন্য করে দাও নিরাপত্তা, ঈমান, শান্তি ও ইসলামের সাথে এবং যা তুমি ভালোবাস আর যাতে তুমি সন্তুষ্ট হও, সেটাই আমাদের তাওফীক দাও। আল্লাহ আমাদের এবং তোমার (চাঁদের) প্রভু। (তিরমিযী)

৭৪. রজব মাসের চাঁদ দেখে দু'আ

اَللّٰهُمَّ بَارِكْ فِىْ رَجَبَ وَشَعْبَانَ وَبَلِّغْنَا رَمَضَانَ ـ

www.amarboi.org

উচ্চারণ : আল্লাহুম্মা বারিক ফি রাজাবা ওয়া শাআবানা ওয়া বাল্লিগনা রামাদান।

অর্থ : হে আল্লাহ! আমাকে রজব ও শাবানের বরকত দান কর এবং রমাযানে পৌঁছিয়ে দাও।

৭৫. শবে কদরে দু'আ

اَللّٰهُمَّ اِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّىْ ـ

অর্থ : হে আল্লাহ! নিঃসন্দেহে তুমি ক্ষমাশীল, ক্ষমা করাকে তুমি বড্ড পছন্দ কর। কাজেই আমাকে ক্ষমা করে দাও। (তিরমিযী)

৭৬. আয়নায় মুখ দেখে দু'আ

اَللّٰهُمَّ حَسَّنْتَ خَلْقِىْ فَحَسِّنْ خُلُقِىْ وَحَرِّمْ وَجْهِىْ عَلَى النَّارِ ـ

অর্থ : হে আল্লাহ! তুমি আমার চেহারা সুন্দর করেছো। কাজেই আমার স্বভাই-চরিত্রকে সুন্দর করে দাও এবং আমার চেহারাকে জাহান্নামের জন্য হারাম করে দাও।

৭৭. আল্লাহর নিকট অতি প্রিয় দু'টো বাক্য

كَلِمَتَانِ حَبِيْبَتَانِ اِلَى الرَّحْمٰنِ خَفِيْفَتَانِ عَلَى اللِّسَانِ ثَقِيْلَتَانِ فِى الْمِيْزَانِ سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ سُبْحَانَ اللّٰهِ الْعَظِيْمِ ـ

অর্থ : দু'টো বাক্য এমন আছে যা আল্লাহর নিকট খুবই প্রিয়, মুখে উচ্চারণ করা সহজ কিন্তু, দাঁড়িপাল্লায় বেশ ভারি। তা হলো সুবহানাল্লা-হি ওয়া বিহামদিহী সুবহানাল্লা-হিল আযীম (আল্লাহ পবিত্র এবং তাঁর জন্য সকল প্রশংসা। আল্লাহ পবিত্র এবং মহান)। [বুখারী]

৭৮. সত্য-মিথ্যা চেনার দু'আ

اَللّٰهُمَّ اَرِنَا الْحَقَّ حَقًّا وَّارْزُقْنَا اِتِّبَاعَهٗ وَاَرِنَا الْبَاطِلَ بَاطِلاً وَّوَفِّقْنَا اجْتِنَابَهٗ ـ

www.amarboi.org

অর্থ : হে আল্লাহ! হক্ব বা সত্যকে তুমি আমার নিকট সত্য হিসেবেই চিনিয়ে দাও এবং তা মেনে চলার তাওফীক দাও। আর বাতিল বা মিথ্যাকে মিথ্যা বলেই চিনিয়ে দাও এবং তা থেকে বেঁচে থাকার তাওফীক দাও।

৭৯. আল্লাহর পছন্দনীয় পথে চলার দু'আ

اَللّٰهُمَّ وَفِّقْنَا لِمَا تُحِبُّ وَتَرْضٰى مِنَ الْقَوْلِ وَالْفِعْلِ وَالْعَمَلِ وَالنِّيَّةِ وَالْهُدٰى ـ اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ـ

অর্থ : হে আল্লাহ! আমাদেরকে কথা বলায়, দুনিয়ার কাজে ও দীনি আমলে, নিয়ত করায় ও হেদায়াত পালনে এমনভাবে চলার তাওফীক দাও যাতে তুমি পছন্দ কর ও খুশি হও। নিশ্চয় তুমি সর্বশক্তিমান।

৮০. দীনের উপর প্রতিষ্ঠিত থাকার দু'আ

اَللّٰهُمَّ يَا مُقَلِّبَ الْقُلُوْبِ ثَبِّتْ قَلْبِىْ عَلٰى دِيْنِكَ يَا مُصَرِّفَ الْقُلُوْبِ صَرِّفْ قَلْبِىْ عَلٰى طَاعَتِكَ يَا مُنَوِّرَ الْقُلُوْبِ نَوِّرْ قَلْبِىْ بِنُوْرِ مَعْرِفَتِكَ ـ

অর্থ : অন্তরসমূহের উলট-পালটকারী হে আল্লাহ! আমার অন্তরকে তোমার দীনের উপর অধিষ্ঠিত রাখ। হে অন্তরসমূহের পরিচালক, আমার অন্তরকে তোমার আনুগত্যের দিকে ঘুরিয়ে দাও। হে অন্তর আলোকিতকারী আল্লাহ! আমার অন্তরকে তোমার মারেফাতের নূর দ্বারা আলোকিত কর। (মুসলিম, তিরমিযী)

৮১. সন্তান লাভের দু'আ

رَبِّ لاَ تَذَرْنِىْ فَرْدًا وَّاَنْتَ خَيْرُ الْوَارِثِيْنَ ـ

(ক) উচ্চারণ : রব্বি লা তাযারনি ফারদাও ওয়া আনতা খইরুল ওয়ারিছি-ন।

www.amarboi.org

অর্থ : হে আমার রব! আমাকে নিঃসন্তান করে ছেড়ো না। আর তুমিই সর্বোত্তম উত্তরাধিকারী। (সূরা আম্বিয়া : ৮৯)

رَبِّ هَبْ لِيْ مِنْ لَّدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً اِنَّكَ سَمِيْعُ الدُّعَاءِ ـ

(খ) উচ্চারণ : রব্বি হাবলি মিল্লাদুনকা যুররিয়্যাতান ত্বায়্যিবাতান ইন্নাকা সামীউদ দু'আ।

অর্থ : হে আমার রব! তোমার বিশেষ কুদরতে আমাকে একটি উত্তম পবিত্র সন্তান দান কর। নিশ্চয়ই তুমি দু'আ শ্রবণকারী। (সূরা আলে ইমরান : ৩৮)

৮২. আল্লাহর আযাব থেকে বাঁচার দু'আ

اِنْ تُعَذِّبْهُمْ فَاِنَّهُمْ عِبَادُكَ وَاِنْ تَغْفِرْ لَهُمْ فَاِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ـ

উচ্চারণ : ইন তু'আযযিবহুম ফাইন্নাহুম ইবাদুকা ওয়াইন তাগফির লাহুম ফাইন্নাকা আনতাল আযীযুল হাকীম।

অর্থ : হে আল্লাহ! তুমি যদি এদেরকে আযাব দাও, তাহলে এরা তোমার বান্দা। আর তুমি যদি এদেরকে ক্ষমা করে দাও, তাহলে তুমি তো মহাপরাক্রমশালী, মহাবিজ্ঞানী। (সূরা মায়িদা : ১১৮)

৮৩. আয়েশা রা. পঠিত দু'আ

রাসূলুল্লাহ সা. হযরত আয়েশা রা.-কে নামাযে এ দু'আ করতে শিখিয়েছেন :

اَللّٰهُمَّ حَاسِبْنِيْ حِسَابًا يَّسِيْرًا ـ

উচ্চারণ : আল্লাহুম্মা হাসিবনি হিসাবাই ইয়াসিরা।

অর্থ : হে আল্লাহ! আমার হিসাব নিও সহজ করে।

৮৪. মৃত ব্যক্তির জন্য দু'আ

ক. মৃত ব্যক্তি যদি বালেগ পুরুষ বা মহিলা হয়, তাহলে জানাযায় তৃতীয় তাকবীরের পর (এমনকি সবসময়) পড়তে হয় :

www.amarboi.org

اَللّٰهُمَّ اغْفِرْ لِحَيِّنَا وَمَيِّتِنَا وَشَاهِدِنَا وَغَائِبِنَا وَصَغِيْرِنَا وَكَبِيْرِنَا وَذَكَرِنَا وَاُنْثَانَا ـ اَللّٰهُمَّ مَنْ اَحْيَيْتَهٗ مِنَّا فَاَحْيِهٖ عَلَى الْاِسْلَامِ وَمَنْ تَوَفَّيْتَهٗ مِنَّا فَتَوَفَّهٗ عَلَى الْاِيْمَانِ ـ

অর্থ : হে আল্লাহ! তুমি তাদেরকে ক্ষমা কর যারা আমাদের মধ্যে জীবিত ও মৃত, উপস্থিত ও অনুপস্থিত, ছোট ও বড় এবং পুরুষ ও নারী হে আল্লাহ! আমাদের মধ্যে যাকে তুমি জীবিত রেখেছ, তাকে দীনের উপর কায়েম রাখ এবং যাকে মওত দিয়েছ তাকে ঈমানের সাথে মওত দাও।

৮৫. মুয়ায রা. পঠিত দু'আ

রাসূলুল্লাহ (সা) হযরত মুয়ায (রা)-কে প্রত্যেক নামাযের পরে আল্লাহর কাছে এভাবে সাহায্য চাইতে শিক্ষা দিয়েছেন :

اَللّٰهُمَّ اَعِنِّىْ عَلٰى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মা আইন্নি 'আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি 'ইবাদাতিকা।

অর্থ : হে আল্লাহ আমাকে তোমার যিকির করার, তোমার শোকর আদায় করার এবং ভালোভাবে তোমার ইবাদত করার তাওফীক দাও। (আবু দাউদ, নাসাঈ)

৮৬. আবদুল্লাহ ইবনে মাসউদ রা.-এর দু'আ

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ اِيْمَانًا لَّا يَرْتَدُّ وَنَعِيْمًا لَّا يَنْفَدُ وَمُرَافَقَةَ نَبِيِّكَ مُحَمَّدٍ ﷺ فِىْ اَعْلٰى جَنَّةِ الْخُلْدِ ـ

অর্থ : হে আল্লাহ! আমি তোমার কাছে এমন অটল ঈমান প্রার্থনা করি যা নিম্নগামী হয় না, এমন নিয়ামত প্রার্থনা করি যা কখনো শেষ হয় না। আমাকে তোমার নবী মুহাম্মদ সা.-এর সাথে সর্বোত্তম চির-বিরাজমান জান্নাতে সাথিত্ব দান করো। (মুসনাদে আহমাদ)

www.amarboi.org

৮৭. দাওয়াত খাওয়ার পর দু'আ

اَللّٰهُمَّ بَارِكْ لَهُمْ فِيْمَا رَزَقْتَهُمْ وَاغْفِرْلَهُمْ وَارْحَمْهُمْ ـ

অর্থ : হে আল্লাহ! তুমি তাদের জীবিকায় বরকত দাও এবং তাদের ক্ষমা কর ও দয়া কর। (মুসলিম)

اَللّٰهُمَّ اَطْعِمْ مَنْ اَطْعَمَنِىْ وَاسْقِ مَنْ سَقَانِىْ ـ

অর্থ : হে আল্লাহ! যে আমাকে খাওয়ায়েছে, তুমি তাকে খাওয়াও, যে আমাকে পান করায়েছে, তুমি তাকে পান করাও। (মুসলিম)

৮৮. ক্রোধ দমনের দু'আ

اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ ـ

উচ্চারণ : আউযু বিল্লা-হি মিনাশ শাইত্বা-নির রাজীম।

অর্থ : আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করছি বিতাড়িত অভিশপ্ত শয়তান থেকে। (বুখারী, মুসলিম)

৮৯. উপরে উঠা ও নীচে নামার দু'আ

হযরত জাবের রা. থেকে বর্ণিত তিনি বলেন, আমরা যখন উপরের দিকে আরোহণ করতাম তখন اَللّٰهُ اَكْبَرُ 'আল্লাহু আকবার' বলতাম এবং যখন নীচের দিকে অবতরণ করতাম তখন سُبْحَانَ اللّٰهِ 'সুবহানাল্লাহ' বলতাম।

৯০. চারটি মূল কালিমা একত্রে পড়া

সামুরা ইবনু জুনদুব রা. বলেন রাসূলুল্লাহ সা. বলেছেন : আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় বাক্য চারটি–

(١) سُبْحَانَ اللّٰهِ ـ (٢) اَلْحَمْدُ لِلّٰهِ ـ

(٣) لاَ اِلٰهَ اِلاَّ اللّٰهُ ـ (٤) اَللّٰهُ اَكْبَرُ ـ

এ বাক্য চারটির যে কোনো বাক্য আগে পিছে বলা যায়। (মুসলিম ২১৩৭

www.amarboi.org

আবু সালামা রা. থেকে বর্ণিত রাসূলুল্লাহ সা. বলেছেন, এ সকল বাক্য কিয়ামতের দিন বান্দার আমলনামায় সবচেয়ে বেশী ভারী হবে। (নাসাঈ, মুসনাদে আহমাদ ৩/৪৪৩)

হযরত আনাস থেকে বর্ণিত রাসূলুল্লাহ সা. বলেছেন : গাছের ডালে ঝাঁকি দিলে যেমন পাতাগুলো ঝরে যায় অনুরূপভাবে এই যিকিরগুলো বললে বান্দার গোনাহ ঝরে যায়। (মুসনাদে আহমাদ, আত-তারগীব)

৯১. ঋণ পরিশোধের দু'আ

اَللّٰهُمَّ اكْفِنِىْ بِحَلاَلِكَ عَنْ حَرَامِكَ وَاَغْنِنِىْ بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মাকফিনী বিহালা-লিকা আন হারা-মিকা ওয়া আগনিনী বিফাদলিকা 'আম্মান সিওয়া-ক।

অর্থ : হে আল্লাহ! তুমি তোমার হারাম বস্তু হতে বাঁচায়ে তোমার হালাল রিযিক দ্বারা আমাকে পরিতুষ্ট করে দাও। তুমি ছাড়া যেন আমাকে আর কারো মুখাপেক্ষী হতে না হয়। (তিরমিযী ৫/৫৬০)

৯২. নেক লোকদের জন্য দু'আ

رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِاِخْوَانِنَا الَّذِيْنَ سَبَقُوْنَا بِالْاِيْمَانِ وَلاَ تَجْعَلْ فِىْ قُلُوْبِنَا غِلاًّ لِّلَّذِيْنَ اٰمَنُوْا رَبَّنَا اِنَّكَ رَءُوْفٌ رَّحِيْمٌ ـ

অর্থ : হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এবং আমাদের সেসব ভাইদেরকে ক্ষমা কর, যারা আমাদের পূর্বে ঈমান এনেছে। আর আমাদের অন্তরে ঈমানদার লোকদের জন্য কোন হিংসা ও শত্রুতার ভাব রেখ না। হে আমাদের প্রভু! তুমি বড়ই অনুগ্রহসম্পন্ন করুণাময়। (সূরা হাশর : ১০)

৯৩. হাঁচি দিয়ে দু'আ ও হাঁচির উত্তরে দু'আ

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সা. বলেছেন : তোমাদের কেউ যখন হাঁচি দেয় তাদের বলা উচিত : اَلْحَمْدُ لِلّٰهِ (সমস্ত প্রশংসা আল্লাহর

www.amarboi.org

জন্য), তার সাথির বলা উচিত : يَرْحَمُكَ اللّٰه (তোমার প্রতি আল্লাহ রহম করুন), তার জবাবে বলা উচিত : يَهْدِيْكُمُ اللّٰهُ وَيُصْلِحُ بَالَكُمْ (আল্লাহ তোমাকে হিদায়াতের পথ দেখান এবং তোমার অবস্থার সংশোধন করুন)। (বুখারী, মুসলিম)

৯৪. একশত বার যিকরের তাসবীহ (১০০ বার ইসতেগফার)

رَبِّ اغْفِرْ وَتُبْ عَلَيَّ اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الْغَفُوْرُ ـ

উচ্চারণ : রব্বিগফির ওয়াতুব আলাইয়্যা ইন্নাকা আনতাত তাওয়াবুল গাফূরু। প্রভু! আমাকে ক্ষমা করুন, তাওবা কবুল করুন, নিশ্চয়ই আপনি তাওবা কবুলকারী ও ক্ষমা প্রদানকারী।

আব্দুল্লাহ ইবনে উমর রা. বলেন, আমরা দেখলাম রাসূলুল্লাহ সা. এক মজলিসেই মজলিস ত্যাগ করে উঠে যাওয়ার পূর্বে ১০০ বার এই বাক্যটি বললেন। (তিরমিযী ৫/৪৯৪, ইবনু হিব্বান ৩/২০৬, নাসাঈ ৬/১১৯)

আনাস ইবনে ইয়াসার সাজানী রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সা. বলেছেন, হে জনগণ তোমরা আল্লাহর নিকট তওবা কর এবং ক্ষমা প্রার্থনা কর। কারণ আমিও প্রত্যেক দিন একশত বার তওবা করে থাকি। (মুসলিম ২৭০২)

৯৫. দুরূদ শরীফ : দুরূদে ইব্রাহিম

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মা সাল্লি আলা মুহাম্মাদিও ওয়া 'আলা আলি মুহাম্মাদিন কামা সাল্লায়তা 'আলা ইবরাহীমা ওয়া 'আলা- আলি ইবরাহীমা ইন্নাকা

www.amarboi.org

হামিদুম মাজীদ। আল্লাহুম্মা বারিক 'আলা মুহাম্মাদিও ওয়া 'আলা- আলি মুহাম্মাদিন কামা বারাকতা 'আলা ইবরাহীমা ওয়া 'আলা- আলি ইবরাহীমা ইন্নাকা হামিদুম মাজীদ।

অর্থ : হে আল্লাহ আপনি সালাত প্রদান করুন মুহাম্মদের উপর ও মুহাম্মদের পরিবারের উপর যেমন আপনি সালাত প্রদান করেছেন ইব্রাহিমের উপর ও ইব্রাহিমের পরিজনের উপর, নিশ্চয়ই আপনি মহাপ্রশংসিত মহা সম্মানিত, এবং আপনি বরকত প্রদান করুন, মুহাম্মদের উপর ও মুহাম্মদের পরিজনের উপর যেমন আপনি বরকত প্রদান করেছেন ইব্রাহিমের উপর ও ইব্রাহিমের পরিজনের উপর নিশ্চয়ই আপনি মহা প্রশংসিত, সম্মানিত। (মুসনাদে আহমাদ)

দরদা রা. বলেন, রাসূলুল্লাহ সা. বলেছেন. যে ব্যক্তি সকালে ও সন্ধ্যায় ১০ বার আমার উপর সালাত পাঠ করবে, সে কিয়ামতের দিন আমার শাফায়াত লাভ করবে। (সহীহুত তারগীব ১/৩৪৫)

৯৬. ঈদের তাকবীর

اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ لَآ اِلٰهَ اِلاَّ اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ وَلِلّٰهِ الْحَمْدُ ـ

উচ্চারণ : আল্লা-হু আকবার আল্লা-হু আকবার লা-ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াল্লা-হু আকবার আল্লা-হু আকবার ওয়া লিল্লা-হিল হামদ।

অর্থ : আল্লাহ মহান, আল্লাহ মহান, আল্লাহ ব্যতীত কোন মা'বুদ নেই এবং আল্লাহ মহান আল্লাহ মহান এবং আল্লাহর জন্যই সমস্ত প্রশংসা। (বুখারী, মুসলিম)

৯৭. কুরবানীর যিকির বা দু'আ

بِسْمِ اللّٰهِ اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُمَّ تَقَبَّلْ مِنِّىْ وَمِنْ اَهْلِىْ ـ

উচ্চারণ : বিসমিল্লা-হি আল্লা-হু আকবার, আল্লা-হুম্মা তাকাব্বাল মিন্নী ওয়া মিন আহলী।

www.amarboi.org

অর্থ : আল্লাহর নামে আরম্ভ করছি। আল্লাহ শ্রেষ্ঠ। হে আল্লাহ কবুল করুন আমার এবং আমার পরিবারের পক্ষ থেকে।

৯৮. জান্নাত লাভের দু'আ

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ الْجَنَّةَ الْفِرْدَوْسَ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মা ইন্নী আসআলুকাল জান্নাতাল ফিরদাউস।

অর্থ : হে আল্লাহ! আমি আপনার জান্নাতুল ফিরদাউস প্রার্থনা করছি। (তিরমিযী)

৯৯. হেফাযতের দু'আ (৩ বার)

بِسْمِ اللّٰهِ الَّذِىْ لاَ يَضُرُّ مَعَ اِسْمِهِ شَيْءٌ فِى الْاَرْضِ وَلاَ فِى السَّمَاءِ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ـ

উচ্চারণ : বিসমিল্লা-হিললাযী লা- ইয়াদুররু মায়া ইসমিহী শাইউন ফিল আরদি ওয়ালা ফিসসামা-ই ওয়া হুআস সামীউল 'আলীম।

অর্থ : আল্লাহর নামে (আরম্ভ করছি) যাঁর নামের সাথে জমিনে বা আসমানে কোন কিছুই কোন ক্ষতি করতে পারে না এবং তিনি মহাশ্রোতা ও মহাজ্ঞানী।

হুজুর সা. বলেন কেউ সকাল সন্ধ্যায় ৩ বার পাঠ করলে ঐ দিন ও রাতে কোন কিছু তার ক্ষতি করতে পারবে না। (তিরমিযী ৩৩৮৮, আবু দাউদ ৫০৮৮)

১০০. আনন্দ লাভের দু'আ (৩ বার)

رَضِيْتُ بِاللّٰهِ رَبًّا وَّبِالْاِسْلاَمِ دِيْنًا وَّبِمُحَمَّدٍ نَبِيًّا ـ

উচ্চারণ : রদীতু বিল্লা-হি রব্বাও, ওয়া বিল-ইসলামি দীনাও ওয়া বিমুহাম্মাদিন নাবিয়্যা।

অর্থ : আল্লাহকে প্রভু হিসেবে, ইসলামকে দীন হিসেবে ও মুহাম্মদ সা. কে নবী হিসেবে গ্রহণ করে আমি সন্তুষ্ট ও খুশি হয়েছি।

www.amarboi.org

আবু সাল্লাম রা. বলেন, রাসূলুল্লাহ সা. বলেছেন, যদি কোন ব্যক্তি সকাল ও সন্ধ্যায় এ বাক্য (৩ বার) বলে, তবে আল্লাহর উপর হক হয়ে যায় যে, তিনি উক্ত ব্যক্তিকে সন্তুষ্ট ও খুশি করবেন। (মুসনাদে আহমাদ ৪/৩৩৭, তিরমিযী ৩৩৮৯)

১০১. নামাযে রুকু থেকে দাঁড়িয়ে এ অবস্থায় দু'আ

رَبَّنَا وَلَكَ الْحَمْدُ حَمْدًا كَثِيْرًا طَيِّبًا مُبَارَكًا فِيْهِ ـ

উচ্চারণ : রব্বানা ওয়া লাকালহামদু হামদান কাছীরান তায়্যিবান মুবারাকান ফীহি।

অর্থ : হে আমাদের প্রভু! তোমার জন্য সব প্রশংসা, পবিত্রতা বরকতময়তা।

১০২. সিজদারত অবস্থায় দু'আ ও যিকির

١ـ سُبُّوْحٌ قُدُّوْسٌ رَبُّنَا وَرَبُّ الْمَلاَئِكَةِ وَالرُّوْحِ ـ

উচ্চারণ : সুব্বুহুন কুদ্দুসুন রব্বুনা ওয়া রব্বুল মালা-ইকাতি ওয়াররূহ।

অর্থ : আমাদের প্রভু, ফেরেশতাগণের ও রূহের প্রভু অত্যন্ত পবিত্র ও পরম পবিত্র। (মুসলিম, সূত্র : রিয়াদুস সালেহীন, হাদীস ১৪২৬)

٢ـ سُبْحَانَكَ وَبِحَمْدِكَ لاَ إِلٰهَ إِلاَّ أَنْتَ ـ

উচ্চারণ : সুবহা-নাকা ওয়া বিহামদিকা লা- ইলা-হা ইল্লা আন্তা।

অর্থ : তোমার পবিত্রতা ও প্রশংসা করছি, তুমি ছাড়া কোন উপাস্য নেই। (মুসলিম, সূত্র রিয়াদুস সালেহীন, হাদীস ১৪৩০)

٣ـ سُبْحَانَكَ اَللّٰهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اَللّٰهُمَّ اغْفِرْلِىْ ـ

উচ্চারণ : সুবহা-নাকা আল্লা-হুম্মা রব্বানা ওয়া বিহামদিকা আল্লাহুম্মাগফিরলী।

www.amarboi.org

অর্থ : হে আল্লাহ! আপনি পবিত্র আমাদের প্রতিপালক এবং প্রশংসা আপনারই। হে আল্লাহ আমাকে মাফ করে দিন। (বুখারী ও মুসলিম, সূত্র : রিয়াদুস সালেহীন, হাদীস ১১৪, ১৪২৫)

٤. اَللّٰهُمَّ اغْفِرْلِىْ ذَنْبِىْ كُلَّهُ دَقَّهُ وَجِلَّهُ وَاَوَّلَهُ وَاٰخِرَهُ وَعَلَانِيَتَهُ وَسِرَّهُ ـ

* উচ্চারণ : আল্লা-হুম্মাগফিরলী যাম্বী কুল্লাহু দাক্কাতান, ওয়া জিল্লাতান ওয়া আউয়ালাহু ওয়া আখিরাহু ওয়া আলানিয়াতাহু ওয়া সিররাহু।

অর্থ : হে আল্লাহ! আমার সমস্ত গোনাহ মাফ করে দাও, ছোট গোনাহ, বড় গোনাহ, আগের গোনাহ, পরের গোনাহ, প্রকাশ্য এবং গোপন গোনাহ। (মুসলিম ১/৩৫০)

يَا حَىُّ يَا قَيُّوْمُ ـ

উচ্চারণ : ইয়া হাইয়ু ইয়া ক্বইয়ূম।

অর্থ : হে চিরজীবী, হে চিরস্থায়ী।

اَللّٰهُمَّ اغْفِرْلِىْ مَا اَسْرَرْتُ وَمَا اَعْلَنْتُ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মাগফিরলী মা আসরারতু ওয়ামা আলানতু।

অর্থ : হে আল্লাহ! আমার গোপন ও প্রকাশ্য গোনাহ মাফ কর।

১০৩. নামাযে দুই সিজদার মাঝে বসা অবস্থায় দু'আ

رَبِّ اغْفِرْلِىْ رَبِّ اغْفِرْلِىْ ـ

উচ্চারণ : রব্বিগফিরলী রব্বিগফিরলী।

অর্থ : হে আমার প্রভু! আমাকে ক্ষমা করুন। হে আমার প্রভু! আমাকে ক্ষমা করুন।

অথবা

www.amarboi.org

اَللّٰهُمَّ اغْفِرْلِىْ وَارْحَمْنِىْ وَاهْدِنِىْ وَعَافِنِىْ وَارْزُقْنِىْ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মাগফিরলী, ওয়ার হামনী, ওয়াহদিনী ওয়া 'আফিনী ওয়ারযুকনী।

অর্থ : হে আল্লাহ আমাকে ক্ষমা করুন, আমাকে দয়া করুন, আমাকে সঠিক পথে পরিচালিত করুন। আমাকে সার্বিক নিরাপত্তা ও সুস্থতা দান করুন এবং আমাকে রিযিক দান করুন। (তিরমিযী, ইবনে মাজাহ)

১০৪. তাশাহুদের দু'আ

اَلتَّحِيَّاتُ لِلّٰهِ وَالصَّلَوٰتُ وَالطَّيِّبَاتُ اَلسَّلَامُ عَلَيْكَ اَيُّهَا النَّبِىُّ وَرَحْمَةُ اللّٰهِ وَبَرَكَاتُهٗ اَلسَّلَامُ عَلَيْنَا وَعَلٰى عِبَادِ اللّٰهِ الصَّالِحِيْنَ اَشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ ـ

উচ্চারণ : আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস্সালাওয়াতু ওয়াত্তায়্যিবাতু আসসালামু আলাইকা আইয়ুহান্নাবিয়্যু ওয়া রাহমাতুল্লা-হি ওয়া বারাকাতুহ। আসসালামু আলাইনা ওয়া আলা ইবাদিল্লা-হিস সালিহীন। আশহাদু আল্লা-ইলা-হা ইল্লাল্লা-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু।

অর্থ : সমস্ত সম্মান, ইবাদত ও পবিত্র বিষয়াদি আল্লাহরই জন্যে নির্দিষ্ট। হে নবী, আপনার উপর শান্তি, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের ও আল্লাহর নেক বান্দাদের প্রতিও শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত আর কোন ইলাহ নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই মুহাম্মদ সা. আল্লাহর বান্দা ও রাসূল। (বুখারী, মুসলিম, তিরমিযী, আবু দাউদ)

১০৫. নামাযে তাশাহহুদের পর দু'আ

اَللّٰهُمَّ اَعِنِّىْ عَلٰى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ ـ

www.amarboi.org

উচ্চারণ : আল্লাহুম্মা আ'ইন্নী 'আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি 'ইবাদাতিকা।

অর্থ : হে আল্লাহ তুমি আমাকে সাহায্য কর, তোমার যিকির করা, তোমার শোকর আদায় করা ও উত্তমভাবে তোমার ইবাদত করার জন্য। (আবু দাউদ; সূত্র : রিয়াদুস সালেহীন, হাদীস ১৪২২)

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ مِنَ الْكُفْرِ وَالْفَقْرِ وَعَذَابِ الْقَبْرِ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মা ইন্নী আ'উযু বিকা মিনাল কুফরি ওয়াল ফাকরি, ওয়া 'আযা-বিল ক্বরি।

অর্থ : হে আল্লাহ! আমি তোমার নিকট পানাহ চাই কুফরি থেকে, অভাব-অনটন থেকে এবং কবরের আযাব থেকে। (নাসাঈ, সূত্র : মিশকাত)

اَللّٰهُمَّ اَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَاذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মা আনতাস সালামু ওয়া মিনকাস সালামু তাবারাকতা ইয়া যাল জালা-লি ওয়াল ইকরা-ম।

অর্থ : হে আল্লাহ আপনিই শান্তি আপনার থেকেই শান্তি হে মহামর্যাদা প্রদানের অধিকারী আপনি বরকতময়। (মুসলিম)

দু'আ মাছুরা [২৪ পৃষ্ঠায় দেখুন]

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْاَلُكَ الْجَنَّةَ وَاَعُوْذُبِكَ مِنَ النَّارِ ـ

উচ্চারণ : আল্লা-হুম্মা ইন্নী আসআলুকাল জান্নাতা ওয়া আউযুবিকা মিনান্নার।

অর্থ : হে আল্লাহ! আমি তোমার কাছে বেহেশতের প্রার্থনা করছি এবং দোযখ থেকে আশ্রয় প্রার্থনা করছি। (আবু দাউদ, ইবনে মাজাহ-২/৩২৮)

১০৬. কুনুতে নাযেলা

اَللّٰهُمَّ اغْفِرْ لَنَا وَلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ وَالْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمَاتِ وَاَلِّفْ بَيْنَ قُلُوْبِهِمْ وَاَصْلِحْ ذَاتَ بَيْنِهِمْ وَانْصُرْهُمْ عَلَى عَدُوِّكَ

www.amarboi.org

وَعَدُوِّهِمْ ـ اَللّٰهُمَّ الْعَنْ اَهْلَ كِتَابِ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِكَ وَيُكَذِّبُوْنَ رُسُلَكَ وَيُقَاتِلُوْنَ اَوْلِيَائَكَ ـ اَللّٰهُمَّ خَالِفْ بَيْنَ كَلِمَتِهِمْ وَزَلْزِلْ اَقْدَامَهُمْ وَاَنْزِلْ بِهِمْ بَأْسَكَ الَّذِىْ لاَ تَرُدُّهٗ عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ.

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ اَللّٰهُمَّ اِنَّ نَسْتَعِيْنُكَ وَنُؤْمِنُ بِكَ وَنَتَوَكَّلُ عَلَيْكَ وَنُثْنِىْ عَلَيْكَ الْخَيْرَ وَلاَ نَكْفُرُكَ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ، اَللّٰهُمَّ اِيَّاكَ نَعْبُدُ وَلَكَ نُصَلِّىْ وَنَسْجُدُ وَاِلَيْكَ نَسْعٰى وَنَحْفِدُ وَنَرْجُوْ رَحْمَتَكَ وَنَخْشٰى عَذَابَكَ اِنَّا عَذَابَكَ الْجِدَّ بِالْكُفَّارِ مُلْحِقٌ، اَللّٰهُمَّ عَذِّبْ كَفَرَةَ أَهْلِ الْكِتَابِ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِكَ. (رواه البيهقى)

اَللّٰهُمَّ مُنْزِلَ الْكِتَابِ سَرِيْعَ الْحِسَابِ اَهْزِمِ الْاَحْزَابَ اَللّٰهُمَّ أَهْزِمْهُمْ وَزَلْزِلْهُمْ ـ اَللّٰهُمَّ مُنْزِلَ الْكِتَابِ وَمُجْرِىَ السَّحَابِ وَهَازِمَ الْاَحْزَابَ أَهْزِمْهُمْ وَانْصُرْنَا عَلَيْهِمْ. (متفق عليه)

উচ্চারণ : আল্লা-হুম্মাগ ফিরলানা ওয়া লিলমু'মিনা ওয়াল মু'মিনাত, ওয়াল মুসলিমীনা ওয়াল মুসলিমাত, ওয়া আল্লিফ বাইনা কুলূবিহিম ওয়া আসলিহ যাতা বাইনিহিম ওয়ানসুরহুম 'আলা-আদুববিকা ওয়া আদুববিহিম আল্লাহুম্মাল 'আন আহলা কিতাবিল-লাযীনা ইয়াসুদ্দূনা 'আন সাবীলিক, ওয়া ইউকাযযিবূনা রুসুলাক, ওয়া ইউক্বা-তিলূনা আওলিয়াআক।

আল্লাহুম্মা খা-লিফ্ বাইনা কালিমাতিহিম ওয়া যালযিল আক্বদামাহুম, ওয়া আনযিল বিহিম বা'সাকাল লাযী লা-তারুদদুহু 'আনিল ক্বওমিল মুজরিমীন।

বিসমিল্লা-হির রাহমানির রহীম। আল্লা-হুম্মা ইন্না নাসতা'ঈনুকা ওয়া নু'মিনু

www.amarboi.org

বিকা ওয়ানাতাওয়াককালু 'আলাইক, ওয়া নুছনী 'আলাইকাল খাইরা ওয়ালা- নাকফুরুকা বিসমিল্লা-হির রাহমানির রাহীম, আল্লাহুম্মা ইয়্যাকা না'বুদু ওয়া লাকা নুসাল্লী ওয়া নাস্‌জুদু, ওয়া ইলাইকা নাস্‌আ' ওয়া নাহফিদু ওয়া নার্‌জূ রাহ্‌মাতাক, ওয়া নাখশা 'আযাবাক, ইন্না- 'আযাবাকাল জিদ্দা বিল কুফফারি মুলহিক্ব, আল্লাহুম্মা 'আযযিব কাফারাতা আহ্‌লিল কিতাবিল্লাযীনা ইয়াসুদদূনা 'আন সাবীলিক। (বায়হাকী)

আল্লাহুম্মা মুনযিলাল কিতাব, সারীআ'ল হিসাব, আহ্‌যিমিল আহযাবা আল্লাহুম্মা আহযিমহুম ওয়া যালযিলহুম আল্লাহুম্মা মুনযিলাল কিতাব, ওয়া মুজরিইয়াস সাহাব, ওয়া হাযিমাল আহযাব, আহযিমহুম ওয়ানসুরনা 'আলাইহিম। (বুখারী, মুসলিম)

অর্থ : হে আল্লাহ! আপনি আমাদের ক্ষমা করুন, ক্ষমা করুন সকল মুমিন ও মুসলিম নর-নারীকে। হে আল্লাহ! আপনি মুসলিমদের অন্তরে ভ্রাতৃত্বভাব সৃষ্টি করে দিন এবং তাদের মাঝে মীমাংসা করে দিন। হে আল্লাহ! আপনার শত্রু ও মুসলিমের শত্রুর বিরুদ্ধে আপনি মুসলিমদেরকে সাহায্য করুন। ঐসব আহলে কিতাবের উপর অভিশাপ করুন, যারা আপনার পথে বাধা প্রদান করে, আপনার রাসূলদেরকে অস্বীকার করে এবং আপনার ওয়ালীদের সাথে যুদ্ধ করে। হে আল্লাহ! আপনি তাদের পরিকল্পনা ভেঙ্গে চৌচির করে দিন, তাদের পা কাঁপিয়ে তুলুন এবং তাদের উপর আপনার এমন শাস্তি অবতীর্ণ করুন, যা অপরাধী সম্প্রদায়ের উপর অবতরণ করলে ফেরত নেন না।

পরম করুণাময় আল্লাহর নামে আরম্ভ করছি। হে আল্লাহ! নিশ্চয়ই আমরা আপনার নিকট সাহায্য চাই। আপনার উপর বিশ্বাস রাখি, আপনার উপরই ভরসা করি। আপনার কল্যাণের প্রশংসা করি এবং আমরা আপনার কুফরি করি না। পরম করুণাময় আল্লাহর নামে আরম্ভ করছি। হে আল্লাহ! আমরা একমাত্র আপনারই 'ইবাদত করি, আপনার জন্যই সালাত আদায় করি, আপনার জন্য সাজদা করি এবং আপনার নিকট ফিরে যাওয়ার সর্বচেষ্টা করি। আপনার রহমাতের আশা এবং আপনার শাস্তির ভয় করি। নিশ্চয়ই কাফিরদের উপর আপনার কঠিন শাস্তি অর্পিত হোক। হে আল্লাহ! আহলে

www.amarboi.org

কিতাবদেরকে শাস্তি দান করুন, যারা অস্বীকার করে এবং আপনার পথে বাধা সৃষ্টি করে। (বায়হাকী)

হে আল্লাহ, কিতাব অবতীর্ণকারী, দ্রুত হিসাব গ্রহণকারী! আমাদের সাথে ষড়যন্ত্রকারী দলকে পরাস্ত করুন। হে আল্লাহ! আপনি তাদের পরাস্ত করুন, তাদের ভীতি প্রদর্শন করুন। হে আল্লাহ, কিতাব অবতীর্ণকারী, বৃষ্টি বর্ষণকারী, ষড়যন্ত্রকারী দলকে পরাস্তকারী! আপনি তাদের পরাস্ত করুন, তাদের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন। (বুখারী, মুসলিম)

মুসলিম সম্প্রদায়কে ইসলামবিরোধী শক্তির হাত থেকে রক্ষার জন্য নির্দিষ্ট ব্যক্তি ও সম্প্রদায়ের নাম উল্লেখ করে এই দু'আটি করা যাবে।

১০৭. ৯৯ টি রোগের নিরাময় ও দুশ্চিন্তা দূর করার আমল

(লা হাওলা ওয়ালা কুউওয়াতা ইল্লা বিল্লা-হ) لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ اِلاَّ بِاللّٰه ـ

অল্প সময়ে পড়ার মতো একান্তই সহজ এই বাক্যটিকে হাওকালাহ্ বলা হয়। এ বাক্যটির মূল কথা হলো, যে কোনো ধরনের শক্তি-সামর্থ্য, ক্ষমতা, হিম্মত, উৎসাহ-উদ্দীপনা, সৃজনশীলতা, প্রতিভা, যোগ্যতা, সাহায্য-সহযোগিতা সকল কিছুই আল্লাহ রব্বুল আলামীনের পক্ষ থেকেই লাভ করা যায়। একমাত্র তিনিই এ সব দেয়ার মালিক, অন্য কারো পক্ষে এ সব কিছু দান করা সম্ভব নয়।

এই ছোট্ট বাক্যটি ১ বার উচ্চারণ করতে মাত্র চার-পাঁচ সেকেণ্ড সময় এবং ১০০ বার পড়তে কয়েক মিনিট সময় ব্যয় হতে পারে। হাদীস শরীফে এ বাক্যটিকে আল্লাহর আরশে আযীমের খাজানা বা ট্রেজারি বলা হয়েছে। কোনো কোনো হাদীসে একে জান্নাতের দরজা বলা হয়েছে। (বুখারী, হাদীস নং ৬৩৮৪, মুসলিম, হাদীস নং ২৭০৪)

আরেক হাদীসে উল্লেখ করা হয়েছে ঃ

مَنْ قَالَ لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ اِلاَّ بِاللّٰه ـ وَلاَ مَلْجَأَ مِنَ اللّٰه اِلاَّ اِلَيْه كَشَفَ عَنْهُ سَبْعِيْنَ بَابًا مِّنَ الضُّرِّ أَدْنَا هُنَّ الْفَقْرُ ـ

যে ব্যক্তি 'লা হাওলা ওয়ালা কুউওয়াতা ইল্লা বিল্লা-হি ওয়ালা মালজাআ

www.amarboi.org

মিনাল্লা-হি ইল্লা ইলাইহি' (যাবতীয় শক্তি ক্ষমতা, সামর্থ্য, যোগ্যতা একমাত্র মহান আল্লাহরই এবং তার কাছে ছাড়া অন্য কোথাও আশ্রয় গ্রহণের জায়গা নেই) পড়বে সে ব্যক্তির ৭০ প্রকার পেরেশানি দূর করে দেয়া হবে, যার মধ্যে সবচেয়ে ছোট্ট পেরেশানি হলো দরিদ্রতা ও অসহায়ত্ব।

উক্ত হাদীস দ্বারা প্রমাণিত এ বাক্যটি একবার পড়লে ৭০ প্রকার অস্থিরতা দূর হয়ে যাবে এবং এই ৭০ ধরনের অস্থিরতায় মধ্যে অনেক ছোট্ট দিকটি হলো রিযক বা ধন সম্পদের জন্য মানুষ যে ধরনের দুঃখ-যন্ত্রণা ও অস্থিরতা অনুভব করে থাকে। হাদীসে আরো বলা হয়েছে ঃ

مَنْ قَالَ لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ اِلاَّ بِاللّٰهِ كَانَ دَوَاءً مِّنْ تِسْعَةٍ وَّتِسْعِيْنَ دَاءً أَيْسَرُهَا الْهَمُّ ـ

অর্থাৎ 'যে ব্যক্তি লা হাওলা ওয়ালা কুউওয়াতা ইল্লা বিল্লা-হি' পড়বে, তার ৯৯ টি রোগ ও অস্থিরতার অবসান ঘটবে। এর মধ্যে সব থেকে ছোট্ট রোগ ও অস্থিরতা হলো দুঃখ যন্ত্রণাবোধ। (মাজমাউয যাওয়ায়েদ, ১০ম খণ্ড, পৃষ্ঠা ৯৮, তারগীব, হাদীস নং ২৩৪৬, হাকেম, ১ম খণ্ড পৃষ্ঠা ৫৪২)

এক কথায় যে কোনো ধরনের দুঃখ-যন্ত্রণা, রোগ-ব্যাধি, বিপদ-মুসিবতসহ সকল কিছুর প্রতিষেধক হলো এই হাওকালাহ্। প্রয়োজন শুধু মহান আল্লাহর রহমতের প্রতি গভীর আস্থাশীল হয়ে একনিষ্ঠভাবে উক্ত বাক্যটি বিনয়ের সাথে পড়া।

১০৮. আল্লাহ তা'আলার নিরানব্বইটি গুণবাচক নাম

১. ইয়া আল্লাহু = হে আল্লাহ, ২. ইয়া খালিকু = হে সৃষ্টিকারী, ৩. ইয়া মালিকু = হে মালিক, ৪. ইয়া রাযযাকু = হে রিযিকদাতা, ৫. ইয়া হাকিমু = হে মহাজ্ঞানী, ৬. ইয়া হাকামু = হে আদেশ প্রদানকারী, ৭. ইয়া রব্বু = হে প্রতিপালক, ৮. ইয়া ইলাহু = হে একমাত্র উপাস্য, ৯. ইয়া ওয়ালীয়ূ = হে বন্ধু, ১০. ইয়া মাওলা = হে পৃষ্ঠপোষক, ১১. ইয়া আযীযু = হে মহাক্ষমতাশালী, ১২. ইয়া জাব্বারু = হে পরম প্রতাপশালী, ১৩. ইয়া কাহহারু = হে পরম পরাক্রমশালী, ১৪. ইয়া কাহিরু = হে সর্বশক্তিমান, ১৫. ইয়া ক্বায়ীইউ = হে পরম শক্তিশালী, ১৬. ইয়া শাদীদু = হে অত্যন্ত

www.amarboi.org

কঠোর, ১৭. ইয়া রাহমানু = হে দয়াময়, ১৮. ইয়া রাহীমু = হে দয়ালু, ১৯. ইয়া কুদ্দুসু = হে মহাপবিত্র, ২০. ইয়া সালামু = হে শান্তিময়, ২১. ইয়া মুমীনু = হে নিরাপত্তা দানকারী, ২২. ইয়া মুহাইমিনু = হে রক্ষাকারী, ২৩. ইয়া মুতাকাব্বিরু = হে গৌরবান্বিত, ২৪. ইয়া বারিউ = হে নির্মাণকারী, ২৫. ইয়া মাছাওয়িরু = হে আকৃতিদাতা, ২৬. ইয়া ক্বাদেরু = হে শক্তিশালী, ২৭. ইয়া কাদীরু = হে পরাক্রমশালী, ২৮. ইয়া আলিমু = হে জ্ঞানদানকারী, ২৯. ইয়া 'আলীমু = হে মহাজ্ঞানী, ৩০. ইয়া হাফেযু = হে প্রতিরক্ষাকারী, ৩১. ইয়া হাফীযু = হে হেফাযতকারী, ৩২. ইয়া শাহীদু। = হে শ্রেষ্ঠ সাক্ষী, ৩৩. ইয়া হাকীমু = হে মহাজ্ঞানী, ৩৪. ইয়া খাল্লাকু = হে সৃষ্টিকর্তা, ৩৫. ইয়া মুকতাদিরু = হে শক্তির আধার, ৩৬. ইয়া শাকিরু = হে সঠিক মূল্যায়নকারী, ৩৭. ইয়া শুকুরু = হে কৃতজ্ঞতা গ্রহণকারী, ৩৮. ইয়া সামীয়ু = হে সর্বশ্রোতা, ৩৯. ইয়া বাসিরু = হে সর্বদর্শী, ৪০. ইয়া গাফুরু = হে পরম ক্ষমাশীল, ৪১. ইয়া গাফফারু = হে অতিশয় ক্ষমতাশালী, ৪২. ইয়া হালীমু = হে পরম ধৈর্যশীল, ৪৩. ইয়া খাবীরু = হে সর্বজ্ঞ, ৪৪. ইয়া রাউফু = হে পরম স্নেহশীল, ৪৫. ইয়া মুহীতু = হে পরিবেষ্টনকারী, ৪৬. ইয়া কাবীরু = হে মহত্তম, ৪৭. ইয়া আলিয়ু = হে উন্নত, ৪৮. ইয়া মুতায়ালু = হে সর্বপ্রধান, ৪৯. ইয়া আ'লা = হে প্রধান, ৫০. ইয়া গাফিরু = হে ক্ষমাশীল, ৫১. ইয়া নাসীরু = হে সাহায্যকারী, ৫২. ইয়া রাকীবু = হে পর্যবেক্ষণকারী, ৫৩. ইয়া মুজীবু = হে কবুলকারী, ৫৪. ইয়া মাতীনু = হে সুদৃঢ়কারী, ৫৫. ইয়া আযীমু = হে সুমহান, ৫৬. ইয়া ওয়াছিয়ু = হে প্রশস্তকারী, ৫৭. ইয়া হাইয়ু = হে চিরঞ্জীব, ৫৮. ইয়া কাইয়ূমু = হে চিরস্থায়ী, ৫৯. ইয়া হাক্কু = হে মহাসত্য, ৬০. ইয়া মুবীনু = হে সত্য প্রকাশক, ৬১. ইয়া গানিয়্যু = হে ধনী, ৬২. ইয়া হামীদু = হে প্রশংসাকারী, ৬৩. ইয়া মাজীদু = হে মহা-মহিমান্বিত, ৬৪. ইয়া ওয়ারেছু = হে স্বত্বাধিকারী, ৬৫. ইয়া মুহইউ = হে জীবনদাতা, ৬৬. ইয়া ফাতিরু = হে স্রষ্টা, ৬৭. ইয়া আউয়ালু = হে আদি, ৬৮. ইয়া আখিরু = হে সর্বশেষ, ৬৯. ইয়া যাহিরু = হে প্রকাশকারী,, ৭০. ইয়া বাতিনু = হে গোপনকারী, ৭১. ইয়া বাদীউ = হে জনক, ৭২. ইয়া রাফীউ = হে উন্নতকারী, ৭৩. ইয়া

www.amarboi.org

নূরু = হে জ্যোতির্ময়, ৭৪. ইয়া আকরামু = হে সম্মানিত, ৭৫. ইয়া সামাদু = হে অমুখাপেক্ষী, ৭৬. ইয়া তাউয়াবু = হে পবিত্র, ৭৭. ইয়া ওয়াহহাবু = হে দানশীল, ৭৮ ইয়া মুকীতু = হে শক্তিদাতা, ৭৯ ইয়া কারীমু = হে পরম অনুগ্রহকারী, ৮০ ইয়া ক্বারীবু = হে অতিনিকট, ৮১. ইয়া ওয়াকীলু = হে অভিভাবক, ৮২. ইয়া ওয়াদূদু = হে পরম বন্ধু, ৮৩. ইয়া মুসতায়ানু = হে সাহায্যকারী, ৮৪. ইয়া হাদিয়ু = হে পথপ্রদর্শক, ৮৫. ইয়া বাররু = হে শান্তি, মঙ্গলদাতা, ৮৬. ইয়া আফিয়্যু = হে ক্ষমাকারী, ৮৭. ইয়া ফাত্তাহু = হে প্রসারকারী, ৮৮. ইয়া লাতীফু = হে কোমলময়, ৮৯. ইয়া হাসীবু = হে হিসাব গ্রহণকারী, ৯০. ইয়া জামিউ = হে একত্রকারী, ৯১. ইয়া কাফী = হে পূরণকারী, ৯২. ইয়া মুনতাকিমু = হে ছিন্নকারী, ৯৩. ইয়া গালিবু = হে প্রভাব বিস্তারকারী, ৯৪. ইয়া বাসিতু = হে প্রশস্তকারী, ৯৫. ইয়া মুনইমু হে দাতা, ৯৬. ইয়া মুইজ্জু = হে ইজ্জতদানকারী, ৯৭. ইয়া মুযিল্লু = হে বেইজ্জতদানকারী, ৯৮. ইয়া ওয়াহিদু = হে অদ্বিতীয়, ৯৯. ইয়া আহাদু = হে এক বা একক।

উল্লেখ্য যে, রাসূলে কারীম সা. বর্ণনা করেছেন : আল্লাহ তা'আলার নিরানব্বইটি গুণবাচক নাম আছে, যা দ্বারা আমাকে দু'আ চাওয়ার জন্য বলেছেন, যে ব্যক্তি এ নামগুলো পড়বে ও মনে-প্রাণে বিশ্বাস করবে এবং সে অনুযায়ী কর্মসম্পাদন করবে, সে জান্নাতে প্রবেশ করবে। (বুখারী, মুসলিম)

কালেমাসমূহ

কালেমা তাইয়িবা (পবিত্র বাক্য)

আরবী উচ্চারণ : লা ইলা-হা ইল্লাল্লা-হু মুহাম্মাদুর রাসূলুল্লাহ্।

অর্থ : আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই, মুহাম্মাদ সা. আল্লাহর রাসূল।

কালেমা শাহাদাত (সাক্ষ্য বাক্য)

আরবী উচ্চারণ : আশহাদু আল লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু লা শারীকা লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু।

অর্থ : আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই, তিনি এক ও অদ্বিতীয় তার কোন শরীক নেই এবং আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, হযরত মুহাম্মাদ সা. আল্লাহর বান্দা ও রাসূল।

www.amarboi.org

কালেমা তাওহীদ (একত্ববাদ বাক্য)

আরবী উচ্চারণ : লা ইলা-হা ইল্লা আনতা ওয়াহিদাল লা ছানিয়া লাকা মুহাম্মাদুর রসূলুল্লা-হি ইমামুল মুত্তাকীনা রসূলু রব্বিল আলামীন।

অর্থ : আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই। তুমি এক, তোমার দ্বিতীয় কেউ নেই। আল্লাহর রাসূল মুহাম্মাদ সা. আল্লাহভীরুদের নেতা ও প্রতিপালকের রাসূল।

কালেমা তামজীদ (গুণ বাক্য)

আরবী উচ্চারণ : লা ইলা-হা ইল্লা আনতা নূরাই ইয়াহদিয়াল্লা-হু লিনূরিহী মাইয়াশাউ মুহাম্মাদুর রসূলুল্লা-হি ইমামুল মুরসালীনা খাতামুন নাবিয়্যীন।

অর্থ : তুমি (আল্লাহ) ছাড়া কোন মা'বুদ নেই। তিনি তাঁর নূর দ্বারা যাকে ইচ্ছা হেদায়াত দান করেন এবং মুহাম্মাদ সা. রাসূলগণের নেতা ও সর্বশেষ নবী।

ঈমানের মুজমাল (সাধারণ বিশ্বাস)

আরবী উচ্চারণ : আমানতু বিল্লা-হি কামা হুয়া বিআসমায়িহী ওয়া সিফাতিহী ওয়া কবিলতু জামীয়া আহকামিহী ওয়া আরকানিহী।

অর্থ : আমি আল্লাহর প্রতি, তাঁর সমুদয় নাম ও যাবতীয় গুণাবলীর সাথে ঈমান আনলাম এবং তাঁর যাবতীয় আদেশ ও বিধি-বিধান মেনে নিলাম।

ঈমানে মুফাসসাল (ব্যাপক বিশ্বাস)

আরবী উচ্চারণ : আমানতু বিল্লা-হি ওয়া মালায়িকাতিহি ওয়া কুতুবিহি ওয়া রুসূলিহী ওয়াল ইয়াওমিল আখিরি ওয়াল কাদরি খইরিহী ওয়া শাররিহী মিনাল্লা-হি তা'আলা।

অর্থ : আমি বিশ্বাস করলাম আল্লাহর উপর, তাঁর ফিরিশতাগণের উপর, তাঁর আসমানী কিতাবসমূহের উপর, তাঁর রাসূলগণের উপর, পরকালের উপর এবং অদৃষ্টের ভাল মন্দের উপর যা আল্লাহ পাকের নিকট থেকে হয়ে থাকে।

উল্লেখ্য যে, আল্লাহর রাসূল সা. কালেমাগুলোর আমল বেশী বেশী করে করতে নির্দেশ দিয়েছেন।

www.amarboi.org

পরিবেশনায়
আহসান পাবলিকেশন
মগবাজার ▮ বাংলাবাজার ▮ কাঁটাবন
E-mail: ahsan_publication@yahoo.com